গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
www.minland.gov.bd

ভূমিসেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৩৭.২৭.১৫৬.২২- ২২৬,

তারিখ: ২২ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
০৬ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

আদেশ

যেহেতু, জনাব মো: শাহীনুর আলম, সার্ভেয়ার (সাময়িক বরখাস্তকৃত), রাজস্ব শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার (অতিরিক্ত দায়িত্বে ভূমি অধিগ্রহণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ)তে বর্ণিত (অ),(আ),(ই) ও ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণ এবং ৩(ঘ)(ই) বিধি মোতাবেক দুর্নীতিরপরায়ণতার অপরাধের অভিযোগে ১৮/২০২২ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয় এবং কেন তাকে উক্ত বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service) করা হবে না অথবা একই বিধিমালার অধীনে অন্য কোনো উপযুক্ত দন্ড আরোপ করা হবে না, একই বিধিমালার ৭(১)(খ) বিধি মোতাবেক এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে দাখিল করার জন্য অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। তার বিরুদ্ধে অভিযোগসমূহ নিম্নরূপ;

তিনি জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার, ভূমি অধিগ্রহণ শাখায় অতিরিক্ত দায়িত্ব পালনকালে ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণের আবেদনসমূহ, বিভিন্ন নথি ও দলিলপত্র বহিরাগত লোকের কাছে সরবরাহ করার বিনিময়ে উৎকোচ গ্রহণ করেছেন মর্মে অভিযোগ পাওয়া যায়; এবং

তার বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে ১২/০৪/২০২২ খ্রিষ্টাব্দ তারিখ সকাল ১০.০০ টায় কক্সবাজার শহরের বাজারঘাটা এলাকায় অবস্থিত আবাসিক হোটেলের (হোটেল প্রিন্স) ২০৩ নম্বর কক্ষ থেকে ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণ প্রাপ্তির ৬১টি আবেদন ও এতদসংক্রান্ত ৩১টি মূল নথি অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কক্সবাজার এর উপস্থিতিতে জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট কর্তৃক উদ্ধার করা হয়; এবং

উদ্ধারকৃত আবেদন ও নথি পর্যালোচনায় দেখা যায়, সেগুলো ভূমি অধিগ্রহণ শাখার অতি গুরুত্বপূর্ণ ও সংবেদনশীল দলিল; যা কোনভাবেই অফিসের বাইরে কাউকে হস্তান্তর করার সুযোগ নেই এবং যা প্রকৃতপক্ষে তিনি সংরক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত; এবং

তিনি ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণের উদ্ধারকৃত আবেদনসমূহ, বিভিন্ন নথি ও দলিলপত্র বেআইনীভাবে বহিরাগত লোকের কাছে সরবরাহ করে উপযুক্ত কর্তৃপক্ষের আইনসংগত আদেশ অমান্য করেছেন এবং তার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্যের চরম অবহেলা করেছেন; এবং

উক্ত আবেদনসমূহ, বিভিন্ন নথি ও দলিলপত্র বেআইনীভাবে সরবরাহ করে তিনি উৎকোচ গ্রহণ করেছেন মর্মে জনশ্রুতি রয়েছে এবং উক্ত ঘটনা তার প্রমাণক; এবং

তার এহেন কর্মকাণ্ডে জেলা প্রশাসন, কক্সবাজার এর ভাবমূর্তি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে এবং এ কর্মকাণ্ডে কক্সবাজার, জেলা প্রশাসকের কার্যালয়ের নিরাপত্তা ও বিশ্বাসযোগ্যতা প্রশ্নবিদ্ধ হয়েছে; এবং

যেহেতু, তিনি অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর প্রেক্ষিতে লিখিত জবাব দাখিল করেন এবং লিখিত জবাবে ব্যক্তিগত শুনানির আবেদনের প্রেক্ষিতে গত ২০/০৯/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, ব্যক্তিগত শুনানিয়ান্তে অভিযোগনামায় আনীত অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য জনাব মো: শফিকুল ইসলাম, উপসচিব, ভূমি মন্ত্রণালয়কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্ত শেষে প্রতিবেদন দাখিল করেন। তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে এই মর্মে মতামত প্রদান করেন যে, অভিযুক্তের জবানবন্দী ও উপস্থাপিত তথ্য এবং রাষ্ট্রপক্ষে উপস্থাপিত সাক্ষ্য ও আলামত পর্যালোচনায় "জনাব মো: শাহীনুর আলম, সার্ভেয়ার (সাময়িক বরখাস্তকৃত), রাজস্ব শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার (অতিরিক্ত দায়িত্বে ভূমি অধিগ্রহণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ)তে বর্ণিত (অ),(আ) ও (ই) মোতাবেক অসদচারণ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে "; এবং

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযোগনামার জবাব, ব্যক্তিগত শুনানিতে অভিযুক্ত কর্মচারী ও সরকার পক্ষের প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদনসহ সার্বিক বিষয় পর্যালোচনা ও বিবেচনান্তে জনাব মো: শাহীনুর আলম, সার্ভেয়ার (সাময়িক বরখাস্তকৃত), রাজস্ব শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার (অতিরিক্ত দায়িত্বে ভূমি অধিগ্রহণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার) তাকে বর্ণিত প্রমাণিত অপরাধের কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ক) বিধি মোতাবেক বিধি মোতাবেক ০৩(তিন) বছরের জন্য নিম্নবেতন গ্রেডের প্রারম্ভিক বা শুরুর ধাপে অবনমিতকরণ গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত প্রাথমিকভাবে গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মচারীকে কেন বর্ণিত প্রমাণিত অপরাধের কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ক) বিধি মোতাবেক ০৩(তিন) বছরের জন্য নিম্নবেতন গ্রেডের প্রারম্ভিক বা শুরুর ধাপে অবনমিতকরণ গুরুদণ্ড আরোপ করা হবে না একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক ৭(সাত) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে তার কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ২য় কারণ দর্শানোর নোটিশের লিখিত জবাব দাখিল করেন। তার দাখিলকৃত জবাব সন্তোষজনক নয় মর্মে বিবেচিত হয়েছে;

এমতাবস্থায়, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, অভিযোগনামার জবাব, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি, ২য় কারণ দর্শানোর নোটিশের জবাবসহ সার্বিক বিষয় পর্যালোচনা ও বিবেচনান্তে জনাব মো: শাহীনুর আলম, সার্ভেয়ার (সাময়িক বরখাস্তকৃত), রাজস্ব শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার (অতিরিক্ত দায়িত্বে ভূমি অধিগ্রহণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার)কে ১৮/২০২২ নম্বর বিভাগীয় মামলায় আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ)তে বর্ণিত (অ),(আ), (ই) ও ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অপরাধে দোষী সাব্যস্তকরত: তাকে একই বিধিমালার ৪(৩)(ক) বিধি মোতাবেক ০৩(তিন) বছরের জন্য নিম্নবেতন গ্রেডের প্রারম্ভিক বা শুরুর ধাপে অবনমিতকরণ গুরুদণ্ড আরোপ করা হলো। একইসাথে তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকাল অসাধারণ ছুটি হিসেবে গণ্য হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০৬/৭/২০২৩
(মো: খলিলুর রহমান)
সচিব
ভূমি মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৩৭.২৭.১৫৬.২২- ২২৬/১(০৮)

তারিখ: ২২ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
০৬ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি :

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন), ভূমি মন্ত্রণালয়/অতিরিক্ত সচিব (মাঠপ্রশাসন), ভূমি মন্ত্রণালয়।
০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৩। জেলা প্রশাসক, কক্সবাজার (দণ্ডপ্রাপ্ত কর্মচারীকে আদেশের কপি জারি করে জারি প্রতিবেদন ভূমি মন্ত্রণালয়ে প্রেরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৪। উপসচিব (মাঠপ্রশাসন-১), ভূমি মন্ত্রণালয়।
০৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কক্সবাজার।
০৬। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।
০৭। জনাব মো: শাহীনুর আলম, সার্ভেয়ার, রাজস্ব শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার (অতিরিক্ত দায়িত্বে ভূমি অধিগ্রহণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার)।
০৮। মাস্টার কপি/অফিস কপি।

০৬/৭/২৩
(ইশরাত ফারজানা)
উপসচিব
ফোন:+৮৮-০২৫৫১০১২৩৯
ই-মেইল: admin3@minland.gov.bd